"মুজিববর্ষের চেতনা
টেকসই গবেষণা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)
আইইবি ভবন (১২তম তলা), রমনা, ঢাকা-১০০০।
www.eprc.gov.bd

নং-২৭.০৩.০০০০.০০১.৯৩.০০১.২২.১৯৫ তারিখঃ ৩০/৬/২০২২ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)-এর রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://beprc.teletalk.com.bd) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক নম্বর	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
২.	সহকারী পরিচালক (ইনোভেশন)	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রিসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৩.	সহকারী পরিচালক (ইনকিউবেশন)	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রিসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৪.	সহকারী পরিচালক (অন্ট্রাপ্রণারশীপ)	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৫.	সহকারী পরিচালক (মানবসম্পদ উন্নয়ন ও জনসংযোগ)	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৬.	সহকারী প্রোগ্রামার	গ্রেড-৯ (টাকা ২২,০০০-৫৩,০৬০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্ট ফর প্রোগ্রামিং এ উত্তীর্ণ হতে হবে।
৭.	হিসাবরক্ষণ কর্মকর্তা	গ্রেড-১০ (টাকা ১৬,০০০-৩৮,৬৪০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বা ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বা হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৮.	হিসাব রক্ষক	গ্রেড-১৩ (টাকা ১১,০০০ – ২৬,৫৯০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বা ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বা হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
৯.	ডাটা-এন্ট্রি অপারেটর	গ্রেড-১৬ (টাকা ৯,৩০০-২২,৪৯০)	০১ (এক)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) ডাটা এন্ট্রি বিষয়ক স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১০.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ (টাকা ৯,৩০০-২২,৪৯০)	০৫ (পাঁচ)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) কম্পিউটার বিষয়ক স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে।
১১।	গাড়ি চালক	গ্রেড-১৬ (টাকা ৯,৩০০-২২,৪৯০)	০৭ (সাত)	ক) কোনো স্বীকৃত বোর্ড থেকে অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) কর্তৃক ইস্যুকৃত বৈধ লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী হতে হবে।
১২।	অফিস সহায়ক	গ্রেড-২০ (টাকা ৮,২৫০-২০,০১০)	১৭ (সতের)	কোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

২। প্রার্থীর বয়সসীমা ০৫/০৭/২০২২ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধসীমা ৩২ (বত্রিশ) বছর। বীর মুক্তিযোদ্ধার প্রপৌত্র/প্রপৌত্রী (নাতি-নাতনি) এর ক্ষেত্রে বয়সের উর্ধসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৬। নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Online Application Form সহ নিম্নোক্ত পত্রাদির এক সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে); ডাটা এন্ট্রি অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি এবং গাড়ি চালক পদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত কপি জমা দিতে হবে। বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত Equivalent Certificate এর সত্যায়িত কপি জমা দিতে হবে;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের কপি জমা দিতে হবে;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;

(ঙ) শারীরীক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ছ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

১০। নিয়োগের ক্ষেত্রে কোটাসহ সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।